

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১০, ২০১৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১০ নভেম্বর, ২০১৩/২৬ কার্তিক, ১৪২০

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১০ নভেম্বর, ২০১৩ (২৬ কার্তিক, ১৪২০) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১৩ সনের ৫৮ নং আইন

নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ (২০০৯ সনের ৫ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন নির্বাচন কমিশন সচিবালয় (সংশোধন) আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা ২৪ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। ২০০৯ সনের ৫ নং আইনের ধারা ৯ এর সংশোধন।—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ (২০০৯ সনের ৫ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৯ এর উপ-ধারা (১) এবং (২) এ উল্লিখিত “The Election Commission (Officers and Staff) Rules, 1979” শব্দগুলি, বন্ধনী, কমা ও সংখ্যাগুলির পরিবর্তে, উভয়স্থানে, “নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮” শব্দগুলি, বন্ধনী, কমা ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

( ৯৭২৫ )

মূল্য : টাকা ৪.০০

৩। ২০০৯ সনের ৫ নং আইনের ধারা ১৭ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৭ এর উপ-ধারা (১) এর দফা (ঘ) এ উল্লিখিত “সংস্থাপন মন্ত্রণালয়ের” শব্দগুলির পরিবর্তে “জনপ্রশাসন মন্ত্রণালয়ের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

মোঃ আশরাফুল মকবুল  
সিনিয়র সচিব।